নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৪ ০১ জুলাই ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবিতে পূবালী ব্যাংকের অ্যাম্বুলেন্স হস্তান্তর অনুষ্ঠান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (নোবিপ্রবি) উপহার হিসেবে পূবালী ব্যাংক পিএলসি একটি অ্যাম্বুলেন্স প্রদান করেছে। আজ মঙ্গলবার (১ জুলাই ২০২৫) সকাল ১১ টায় বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে অ্যাম্বুলেন্স হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পূবালী ব্যাংক পি.এল.সি এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ আলী।

এ সময় প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজকের এই দিনে জুলাই বিপ্লবের শহিদদের আত্মার মাগফেরাত এবং যারা আহত হয়েছেন তাদের সুস্থ্যতা কামনা করছি। শুরুতেই পূবালী ব্যাংক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাচ্ছি নোবিপ্রবি পরিবারকে এ উপহার প্রদানের জন্য।

আমি যোগদানের পর যে চ্যালেঞ্জগুলো পেয়েছি ধীরে ধীরে তা কাটিয়ে ওঠার চেষ্টা করছি। গত ২২ জুন আমরা ১৯ তম বিশ্ববিদ্যালয় দিবস পালন করেছি। একই সঙ্গে শিক্ষা এবং গবেষণা ক্ষেত্রে উন্নয়নের জন্য কাজ করছি। বিশ্ববিদ্যালয়ের মৌলিক উদ্দেশ্য শুধুমাত্র পাঠদান নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের অন্যতম উদ্দেশ্য। বিশ্ববিদ্যালয় এমন একটি জায়গা যেখানে আমরা জ্ঞান সৃষ্টি করবো এবং জ্ঞানের আদান-প্রদান করবো। জ্ঞান এবং দক্ষতার মাধ্যমে দেশ বিদেশে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখবো।

আমরা এখনো দক্ষ জনশক্তি তৈরি করতে পারছি না। আমরা যে জ্ঞান ও দক্ষতা তৈরি করছি তা যদি স্থানান্তর করতে না পারি তাহলে আমাদের সীমাবদ্ধতা থেকেই যাবে। পাবলিকেশন বা গবেষণাকে আমরা যদি ল্যাব থেকে মার্কেটে নিয়ে যেতে পারি তাহলে আমাদের জ্ঞান ও দক্ষতা সঠিক ভাবে কাজে লাগাতে পারবো। আমি বিশ্বাস করি নোবিপ্রবি সে প্রক্রিয়ার ভিতর দিয়ে যাচ্ছে। বর্তমানে যে চ্যালেঞ্জগুলো রয়েছে, আমার বিশ্বাস আমাদের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ সকলের সহযোগিতা পেলে দ্রুতই তা পূরণ করতে পারবো।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ এবং পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহনেওয়াজ খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংকের ডিজিএম ও নোয়াখালী অঞ্চলের প্রধান জনাব মোহাম্মদ হাফিজুর রহমান সরদার। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী।

পরে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পূবালী ব্যাংক পিএলসি'র সিআরএম বুথ এর ভিত্তিপ্রস্তর স্থাপন ও বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। উল্লেখ্য, ব্যাংকটির পক্ষ থেকে নোবিপ্রবি ক্যাম্পাসে বৃক্ষরোপণের জন্য এক লাখ ত্রিশ হাজার টাকা প্রদান করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪